

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১০২

তারিখ: ১১ কার্তিক ১৪২৮

২৭ অক্টোবর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৫০৩৮/২০০৯ হতে উদ্ভূত আপীল মামলা নং-৯৯/২০১৪ এর আদেশ এবং কনটেম্পট পিটিশন নং- ১৫৩/২০১৪ এর রায় ও আদেশের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম-৩৮-ম/২০১৫/১৩৪৮৪ তারিখ: ২৮/১২/২০১৫  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র সংখ্যা-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৮.১৪.১৪৬ তারিখ: ০৪/০৩/২০১৫  
(৩) শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-৪৬ তারিখ: ২৮/০১/২০১৬  
(৪) শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-৩৪৬ তারিখ: ২৪/০৯/২০১৯  
(৫) শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-০২ তারিখ: ০৫/০১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে বেসরকারি বি.এড কলেজগুলো পরিচালনা সংক্রান্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১৫/০৫/২০০৮ ইং তারিখে একটি পরিপত্র জারি করা হয়। উক্ত পরিপত্রের কার্যকারিতার উপর মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৫০৩৮/২০০৯ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পরিপত্র বাতিল করে রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল নং-৯৯/২০১৪ এবং পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ দায়ের হয়। মামলার রায় ও আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা (যুগ্মসচিব) ডা: মো. ফারুক হোসেন স্বাক্ষরিত গত ২৮/০১/২০১৬ ইং তারিখের রীট পিটিশনারদের পক্ষে ২৩টি বেসরকারি কলেজের বি.এড সনদ সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা দেওয়া হয়। সে মোতাবেক এই ২৩টি বি.এড কলেজ হতে পাশকৃত শিক্ষার্থীদের বি.এড সনদের বিপরীতে বি.এড স্নেল প্রদান করা হচ্ছে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ রায়ের আদেশ এবং কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ বহালের পরিপ্রেক্ষিতে সুনির্দিষ্ট নির্দেশনার মাধ্যমে সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ রায়ের পূর্বে পিটিশনারদের ২৩টি বেসরকারি বি.এড কলেজ হতে বি.এড ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীদের বি.এড স্নেল প্রদান করে আসছে। এফগে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ নিষ্পত্তির আদেশের প্রেক্ষিতে এবং কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ বহালের পরিপ্রেক্ষিতে সুনির্দিষ্ট নির্দেশনার মাধ্যমে ২৩টি কলেজের নামের তালিকা প্রকাশপূর্বক পূর্বের ন্যায় পত্র জারি করা প্রয়োজন। অন্যথায় ১৫/০৫/২০১৮ ইং তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা পত্রের প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ আদেশ উপেক্ষা করে বেসরকারি ২৩টি বি.এড কলেজ ছাড়াও বেসরকারি অন্যান্য কলেজের Certificate এর বৈধতা নিয়ে বিল প্রদান করে সরকারি কোষাগারের অর্থ তহরুপ করা হচ্ছে। ফলে প্রতিষ্ঠান পরিচালনা করতে গিয়ে জটিল পরিস্থিতি সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ হতে উদ্ধৃত আপীল নং-৯৯/২০১৪ এবং উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং -১৫৩/২০১৪ এর রায়ের নির্দেশনার প্রেক্ষিতে সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি ২৩টি বি.এড কলেজের অর্জিত সনদধারী শিক্ষকগণের বি.এড স্কেল প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের গত ২৮/০১/২০১৬ তারিখে শিম/আইন সেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯/৪৬ নং স্মারকে জারীকৃত পত্রটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৭-১০-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১০২/১(৫)

তারিখ: ১১ কার্তিক ১৪২৮

২৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) অধ্যক্ষ, হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৭-১০-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব